


অফিস সার্কুলার

বিষয়: Disaster Management Loan (DML) কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

- ক) উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন ধরনের দুর্যোগে (যেমন;কোভিড-১৯/প্রাকৃতিক দুর্যোগ/মহামারী/পারিবারিক/সামাজিক এবং রাজনৈতিক কারণে) যে সকল সদস্যের IGA ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, সে সকল সদস্যদের নতুন করে পুঁজির যোগান দিয়ে ক্ষতিগ্রস্ত আইজিএ সচল করার মাধ্যমে তাদের ঘুরে দাড়াতে সহায়তার উদ্যোগ নেওয়া হয়েছে। এ প্রেক্ষাপটে, উপরোক্ত দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত যে সকল সদস্য নিয়মিতভাবে সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে আংশিক হারে খণের টাকা পরিশোধ করছেন, কিন্তু সাপ্তাহিক/মাসিক পূর্ণাঙ্গ কিস্তি পরিশোধ করে নিয়মিত হতে পারছেন না এমন সদস্য চিহ্নিত করে তাদেরকে নিয়মিত খণ কার্যক্রমের আওতায় ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করা এবং ভবিষ্যতে তাদেরকে ভালো/নিয়মিত সদস্য হিসেবে পূর্বের ন্যায় খণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এতে করে ক্ষতিগ্রস্ত সদস্যদের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের পাশাপাশি টেকসই কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হবে। এ প্রেক্ষিতে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমকে সুষ্ঠু এবং সুশৃঙ্খলভাবে পরিচালনার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বিশেষায়িত খণ হিসেবে Disaster Management Loan (DML) কার্যক্রম পরিচালনা সংক্রান্ত একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।
- খ) অত্র পত্রসাথ সংযুক্ত নির্দেশিকা (সংযুক্তি:১) যথাযথভাবে অনুসরণপূর্বক Disaster Management Loan (DML) কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।
- গ) Disaster Management Loan (DML) কার্যক্রম এর জন্য সংযুক্তি-০২ মোতাবেক তালিকা তৈরী করে সংযুক্তি-০৩ মোতাবেক খণ বিতরণের সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত তথ্য পূরণ করে পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে খণ বিতরণ করতে হবে। এ ক্ষেত্রে স্ব-স্ব ইমেইলে প্রবেশ করলে সংযুক্তি-০২ এর ফরম্যাটটি One drive এ এবং সংযুক্তি-০৩ এর সার্ভে ফরমটি <https://pmuk.ngo/dml> এই লিংক এর মাধ্যমে পাওয়া যাবে, যা AM গনদের স্ব-স্ব মেইলে Link প্রদান করা হবে। প্রদত্ত Link ও ফরম্যাট এর আলোকে সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে।
- ঘ) উপরোক্ত নির্দেশনাসমূহের প্রতি সর্বাধিক গুরুত্বারোপ করে যথাযথভাবে কার্য সম্পাদন নিশ্চিত করতে হবে। এ সম্পর্কিত কোন অস্পষ্টতা থাকলে জনাব মোঃ মোস্তাফিজুল গনি, সিনিয়র সহকারী পরিচালক, মাইক্রোফাইন্যান্স অপারেশন ডিভিশন ও রিজিয়নাল ম্যানেজার, উত্তরাঞ্চল (মোবাইল নং ০১৩২২-৮৩৮৬৩৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারগণকে উক্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।
- ঙ) অত্র অফিস সার্কুলারটি ১ ফেব্রুয়ারি'২০২০ খৃস্টাব্দ হতে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,


মোঃ সালেহ বিন সামস
নির্বাহী পরিচালক

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (ই-মেইলে প্রেরণ করা হলো) :

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
২. যুগ্ম-পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৩. সিনিয়র রিজিয়নাল ম্যানেজার/ রিজিয়নাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৪. উপ-পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার ও আহবায়ক, সফটওয়্যার বাস্তবায়ন কমিটি, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৫. মাইক্রোফাইন্যান্সভুক্ত সকল কর্মকর্তা, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৬. সিনিঃ সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭. সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
৮. সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
৯. ব্রাঞ্চ ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১০. অফিস কপি।

Padakhep Manabik Unnayan Kendra

+৮৮০ ২ ৫৮৯৫৯২৬, ০২৭৭৭৭৯৯২২২
+880 2 58151126, 01777791122

info@padakhep.org
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

সম্মাননায় ক্ষমতায়নে সাম্যে গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986

Disaster Management Loan (DML) ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা-২০২৩

ভূমিকা : বর্তমান সময়ের প্রেক্ষাপটে দুর্যোগ একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রাকৃতিক, সামাজিক, রাজনৈতিক, যে কোন মহামারী এমন কি পারিবারিক যে কোন ঘটনাবলীর জন্য মানুষের স্বাভাবিক জীবনযাত্রা যখন বিপর্যস্ত ও ব্যাহত হয়, তখন সে সকল দুর্যোগ মোকাবেলা করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়ায়। পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র বিভিন্ন ধরনের দুর্যোগে যেমন; কোভিড-১৯, বন্যা, খরা, নদী ভাঙ্গন, অতিবৃষ্টি, শৈত্য প্রবাহ, ঝড়-তুফান, মহামারী দ্বারা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী ও ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতাভুক্ত উপকারভোগীদের মাঝে তাৎক্ষণিক ত্রাণ সহায়তা, আর্থিক অনুদান, কারিগরি সহায়তা, স্বাস্থ্য ক্যাম্প, ঘরবাড়ী তৈরিতে সহায়তা, স্বাস্থ্যসম্মত টিয়লেট নির্মাণসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে থাকে। এ প্রেক্ষিতে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় ইতিপূর্বে Disaster Management Loan (DML) দেওয়া হতো। এই লোন কম্পোনেন্ট এর আওতায় সদস্যদের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধার এর পাশাপাশি টেকসই কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এটিকে আরও সময় উপযোগী, সদস্য বান্ধব এবং সহজ লভ্য করে সুষ্ঠু ও সুস্বচ্ছলভাবে পরিচালনার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বিশেষায়িত ঋণ হিসেবে Disaster Management Loan (DML) কার্যক্রম পরিচালনা সংক্রান্ত একটি নির্দেশিকা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় উপরোক্ত দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত যে সকল মেয়াদউত্তীর্ণ বকেয়া সদস্য নিয়মিতভাবে সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে আংশিক হারে ঋণের টাকা পরিশোধ করছেন, কিন্তু আইজিএ আংশিক/পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে সাপ্তাহিক/মাসিক পূর্ণাঙ্গ কিস্তি পরিশোধ করে নিয়মিত হতে না পারার কারণে পরবর্তী ঋণ প্রাপ্তির সুযোগ নষ্ট হয়েছে, এমন সদস্য চিহ্নিত করে তাদের সাথে আলোচনার মাধ্যমে তাদেরকে নিয়মিত ঋণ কার্যক্রমের আওতায় ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করা এবং ভবিষ্যতে তাদেরকে ভালো/নিয়মিত সদস্য হিসেবে পূর্বের ন্যায় ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

উদ্দেশ্য : যে সকল ক্ষতিগ্রস্ত সদস্যের বকেয়া পরিশোধের বিষয়ে আগ্রহ রয়েছে, কিন্তু কোভিড-১৯/প্রাকৃতিক দুর্যোগ/ মহামারী/ পারিবারিক/ সামাজিক এবং রাজনৈতিক কারণে IGA ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় বকেয়া পরিশোধ করতে পারছেন, সে সকল সদস্যদের নতুন করে পুঁজির যোগান দিয়ে ক্ষতিগ্রস্ত আইজিএ সচল করার মাধ্যমে তাদের ঘুরে দাড়াতে সহায়তা করা।

যৌক্তিকতা : কোভিড-১৯, প্রাকৃতিক দুর্যোগ এবং বিভিন্ন মহামারীর কারণে আয় হ্রাস পাওয়ায় সদস্যগণ তাদের জমাকৃত সঞ্চয় ও মূলধন ভেঙ্গে ফেলার ফলে ব্যবসা সংকুচিত হওয়ায় সদস্যের ক্ষতিগ্রস্ত আইজিএ পুনরুদ্ধারিত করার জন্য পুঁজির যোগান দিয়ে স্বাবলম্বী হতে সহায়তা করার পাশাপাশি সদস্যকে তার পূর্ববর্তী ঋণ পরিশোধের সুযোগ সৃষ্টি করে দেওয়া।

Donum

Padakhep Manabik Unnayan Kendra

+৮৮০ ২ ৫৮৯৫৯২৬, ০২৭৭৭৭৯১২২
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২

info@padakhep.org
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabor, Dhaka-1207

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্রো গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986



DML ঋণ বিতরণের শর্তসমূহ নিম্নে বর্ণিত হলো :

নং	বিষয়	সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা
০১.	কম্পানেন্ট এর নাম	: Disaster Management Loan (DML)
০২.	সংজ্ঞা	: Disaster Management Loan (DML) কর্মসূচীর আওতায় কোভিড-১৯ সহ যে কোন দুর্যোগে ক্ষতিগ্রস্ত সদস্যের আইজিএ/ব্যবসা পুনরুজ্জীবিত করার জন্য পুঁজির যোগান দিয়ে স্বাবলম্বী হতে সহায়তার পাশাপাশি সংস্থার বকেয়ার সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা বুঝাবে।
০৩.	কর্ম এলাকা	: সংস্থার মাইক্রোফাইন্যান্সডুক্র সকল কর্ম এলাকা।
০৪.	লক্ষিত জনগোষ্ঠী	: যে সকল ক্ষতিগ্রস্ত সদস্যের বকেয়া পরিশোধের বিষয়ে আগ্রহ রয়েছে, কিন্তু প্রাকৃতিক দুর্যোগ/মহামারীর কারণে IGA আংশিক/পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়ায় বকেয়া পরিশোধ করতে পারছেননা, সে সকল সদস্য।
০৫.	ঋণ খাত	: ক) সদস্যের পূর্ববর্তী বিতরণকৃত ঋণের খাতে বা বর্তমানে সদস্য দ্বারা পরিচালিত প্রকৃত খাত।
০৬.	ঋণী সদস্যকে DML প্রদানের শর্ত সমূহ নিম্নরূপ	<p>ক) নতুন সদস্য ভর্তি করে এ কম্পোনেন্ট-এ ঋণ বিতরণ করা যাবে না।</p> <p>খ. এই ঋণ শুধুমাত্র মেয়াদউত্তীর্ণ সদস্যদের জন্য প্রযোজ্য হবে। অর্থাৎ চলমান ঋণীদের জন্য প্রযোজ্য হবে না।</p> <p>গ) সদস্যের ঋণ বকেয়াগ্রস্ত হওয়ার কারণ নির্ণয় করা ও বর্তমানে তার ঋণ পরিশোধের সক্ষমতা ও ইচ্ছা আছে কিনা তা যাচাই করা।</p> <p>ঘ) সদস্যর আয়ের উৎস পুঙ্খানুপুঙ্খ যাচাই-বাছাই করা।</p> <p>ঙ) সঠিকভাবে যাচাই-বাছাই পরবর্তী সদস্যকে সক্ষম কার্যক্রমে পুণঃযুক্ত করা।</p> <p>চ) DML খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ন্যূনতম ১% হারে সক্ষম জমা সাপেক্ষে ঋণ বিতরণ করতে হবে।</p> <p>ছ) বকেয়া সদস্যদের মধ্য হতে যে সকল সদস্য আংশিক কিস্তি সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে পরিশোধ করছে, কিন্তু নিয়মিত কিস্তি পরিশোধ করতে পারছেননা এমন সদস্যদেরকে এই ঋণের আওতায় ঋণ প্রস্তাব করে ঋণ বিতরণ করতে হবে।</p> <p>জ) সদস্য কর্তৃক ধারাবাহিকভাবে বর্তমান ঋণস্থিতির একক কিস্তির সমপরিমাণ/বেশী ৩ কিস্তি সক্ষম ও ঋণ জমা করার পর ঋণ প্রস্তাব পরবর্তী ঋণ বিতরণ করতে হবে।</p> <p>ঝ) সাপ্তাহিক সদস্যদের ক্ষেত্রে বিগত মাসে/চলমান মাসে তার মেয়াদউত্তীর্ণ ঋণ স্থিতির ন্যূনতম ৫% টাকা ৩ কিস্তিতে এবং মাসিক ঋণীদের ক্ষেত্রে ন্যূনতম ৫% টাকা এক/একাধিক কিস্তিতে পরিশোধ এবং নির্ধারিত হারে সক্ষম জমা করলেই শুধুমাত্র ঐ সদস্যের নামে ঋণ প্রস্তাব পরবর্তী ঋণ বিতরণ করতে হবে।</p> <p>ঞ) এই কম্পোনেন্ট-এ বিতরণের জন্য ঋণ প্রস্তাবের পূর্বে প্রতিটি ঋণ সিনিয়র ব্যবস্থাপক/এরিয়া ম্যানেজার কর্তৃক সরেজমিনে পরিদর্শন নিশ্চিতপূর্বক সংযুক্ত ফরম্যাট-০৩ মোতাবেক ঋণ বিতরণের সম্ভাব্যতা যাচাই শতভাগ নিশ্চিত করতে হবে এবং সহকারী পরিচালক/জোনাল ম্যানেজার'কে ও তার নিজের ও তদুর্ধ্ব কর্তৃপক্ষের অনুমোদনযোগ্য প্রতিটি ঋণ সরেজমিনে পরিদর্শনপূর্বক সংযুক্ত ফরম্যাট-০৩ মোতাবেক ঋণ বিতরণের সম্ভাব্যতা যাচাই শতভাগ নিশ্চিত করতে হবে।</p> <p>ট) পরবর্তীতে সংযুক্ত-০২ ফরম্যাট টি Microzen Software এ লিংক করা হবে, যেখানে এ সংক্রান্ত সকল তথ্য একনজরে দেখা যাবে।</p>

Padakhep Manabik Unnayan Kendra

নং	বিষয়	সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা
	ঋণী সদস্যকে DML প্রদানের শর্ত সমূহ নিম্নরূপ	<p>ঠ) DML ঋণের আওতাভুক্ত সদস্যদের অন্য কোন ঋণ দেওয়া যাবে না। তবে নিয়মিতভাবে ঋণ পরিশোধ পরবর্তীতে চলমান কার্যক্রমের মাধ্যমে ঋণ প্রদান করা যাবে। এই ঋণ কোনভাবেই ঘূর্ণায়মান ঋণ হিসেবে বিতরণ করা যাবে না।</p> <p>ড) এই DML ঋণটি সংস্থার Secondary Component হিসেবে বিবেচিত হবে।</p> <p>ঢ) সদস্যের বর্তমান ঋণস্থিতির উপর ১০% সিলিং বৃদ্ধি করে ঋণ বিতরণ করতে হবে, তবে এএম ও জেডএম এর সুপারিশের ভিত্তিতে বিশেষ বিবেচনায় সর্বোচ্চ ৩০% পর্যন্ত সিলিং বৃদ্ধি করা যেতে পারে।</p> <p>ণ) ব্রাঞ্চ হতে যাচাই-বাছাই পরবর্তী নির্বাচিত সদস্যদের তালিকা প্রস্তুত করে (সংযুক্ত ফরম্যাট-০২ মোতাবেক) সংশ্লিষ্ট রিজিয়নাল ম্যানেজার/ সিনিয়র রিজিয়নাল ম্যানেজার এর নিকট থেকে পূর্বানুমোদন নিশ্চিত করে ঋণ বিতরণ করতে হবে।</p> <p>ত) সদস্যের পূর্বের সমুদয় ঋণ পরিশোধ পরবর্তী ৩ দিনই এই ঋণ বিতরণ করা যাবে।</p> <p>থ) যে সকল সদস্য কিস্তি দিতে চায়না বা সংস্থার প্রতি আনুগত্য প্রকাশ করেনা এমন সদস্যদেরকে এই ঋণ বিতরণ করা যাবে না।</p> <p>ধ) হাজারের Round Figure ছাড়া এই ঋণ বিতরণ করা যাবে না।</p> <p>ন) এই ঋণটি ১ম দফায় বিতরণ হবে।</p> <p style="text-align: center;">সার্ভের ধরণ</p> <p>ক. প্রথমে ব্রাঞ্চ কর্তৃক তালিকা তৈরী করে সংযুক্ত ফরম্যাট-০২ এ সংযোজন করতে হবে। মেইলে ঢুকে স্ব-স্ব মেইল এর One drive এ ক্লিক করলে স্ব-স্ব ব্রাঞ্চ নামক ফোল্ডার প্রদর্শিত হবে। উক্ত ফোল্ডার এ সংযুক্ত Excel ফরম্যাট এর সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে।</p> <p>খ. সংযুক্ত ফরম্যাট-০২ এর আলোকে AM সরেজমিনে সংযুক্ত-০৩ এর তথ্য অনলাইনে যাচাই পূর্বক পূরণ করতে হবে।</p>
০৭.	ঋণের মেয়াদ	ঋণের মেয়াদ স্বাভাবিকভাবে ০১ (এক) বৎসর হতে ১.৫ বছর বা ১৮ মাসের মধ্যে সীমাবদ্ধ থাকবে, তবে সদস্যের ঋণ পরিশোধের সক্ষমতা বিবেচনায় বিশেষ বিবেচনায় ঋণের মেয়াদ সর্বোচ্চ ২ (দুই) বছর/২৪ মাস হতে ০৩ (তিন) বছর/৩৬ মাস পর্যন্ত করা যেতে পারে।
০৮.	সার্ভিস চার্জের হার	বার্ষিক সর্বোচ্চ ৯% (ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতি)।
০৯.	ঋণ পরিশোধের ধরণ	ক. সাপ্তাহিক ভিত্তিতে। খ. মাসিক ভিত্তিতে।
১০.	কিস্তি সংখ্যা	ক. এই ঋণ কার্যক্রমে ০১ বছরের ক্ষেত্রে সাপ্তাহিক ভিত্তিতে পরিশোধযোগ্য কিস্তির সংখ্যা হবে ৪৬টি, ১৮ মাসের ক্ষেত্রে সাপ্তাহিক কিস্তি হবে ৬৭ টি, ০২ বছরের জন্য ৯১টি এবং ০৩ বছরের জন্য ১৩৬টি কিস্তি। খ. এই ঋণ কার্যক্রমের ০১ বছরের ক্ষেত্রে মাসিক ভিত্তিতে পরিশোধযোগ্য কিস্তির সংখ্যা হবে ১২টি, ১৮ মাসের জন্য ১৮টি, ০২ বছরের জন্য ২৪টি এবং ০৩ বছরের জন্য ৩৬টি।
১১.	গ্রেস পিরিয়ড	ক. সাপ্তাহিক ভিত্তিতে গ্রেস পিরিয়ড ১৪ দিন, এবং খ. মাসিক ভিত্তিতে গ্রেস পিরিয়ড হবে ৩০ দিন।
১২.	ঋণ সীমা/সিলিং	সদস্যের বর্তমান ঋণস্থিতির উপর ১০% সিলিং বৃদ্ধি করে ঋণ বিতরণ করা যাবে, তবে এএম ও জেডএম এর সুপারিশের ভিত্তিতে বিশেষ বিবেচনায় সর্বোচ্চ ৩০% পর্যন্ত সিলিং বৃদ্ধি করা যেতে পারে।
১৩.	অন্যান্য ফি গ্রহণ	পাশবই বাবদ ১০/- টাকা এবং ঋণ ফি বাবদ ৫/- টাকা সহ সর্বমোট ১৫/- টাকা গ্রহণ করা যাবে। এছাড়া নন-জুডিসিয়াল ফ্ট্যাম্প ব্যবহারের ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের নন-জুডিসিয়াল ফ্ট্যাম্প ব্যবহার করতে হবে।
১৪.	সদস্য কল্যাণ তহবিল গ্রহণ	DML ঋণের ক্ষেত্রে যে কোন মেয়াদের জন্য ঋণ বিতরণের বিপরীতে ১% হারে সদস্য কল্যাণ তহবিল খাতে অর্থ গ্রহণ করা যাবে। এছাড়া “সকত” নীতিমালার অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে। সংস্থার নিয়ম মোতাবেক সদস্য প্রাপ্য সুবিধা ভোগ করতে পারবেন।
১৫.	এলএলপি পদক্ষেপ (P)	সংস্থার প্রচলিত নিয়মে এলএলপি LLP হিসাবভুক্ত করতে হবে।

Padakhep Manabik Unnayan Kendra



+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০২৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122

info@padakhep.org
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabor, Dhaka-1207

সম্ভাবনার ক্ষমতায়নে সামো গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986

নং	বিষয়	সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা
১৬.	সার্ভিস চার্জ রিবেট	এই কার্যক্রমের আওতায় অগ্রিম খণ পরিশোধের ক্ষেত্রে সংস্থার সর্বশেষ “সার্ভিস চার্জ রিবেট নীতিমালা” অনুযায়ী সদস্যগণকে যৌক্তিক হারে রিবেট প্রদান করতে হবে।
১৭	কিস্তির পরিমাণ (০১ বছর মেয়াদ)	সাপ্তাহিক কিস্তি: সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-৪৫ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ২৩/- টাকা (আসল ২২/- টাকা এবং সার্ভিস চার্জ ০১/- টাকা) এবং ৪৬ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ১২/- টাকা আদায়যোগ্য (আসল ১০/- টাকা এবং সার্ভিস চার্জ ০২/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে সাপ্তাহিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,০৪৭/- টাকা আদায় করতে হবে। সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৪৭, যা সর্বমোট আদায়কে ১,০০০/- দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।
	কিস্তির পরিমাণ (০১ বছর মেয়াদ)	মাসিক কিস্তি: মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-১১ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ৯০/- টাকা (আসল ৮৬/- টাকা এবং সার্ভিস চার্জ ০৪/- টাকা) এবং ১২ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৬০/- টাকা আদায়যোগ্য (আসল ৫৪/- টাকা এবং সার্ভিস চার্জ ০৬/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিকভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,০৫০/- টাকা আদায় করতে হবে। মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৫০, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।
	কিস্তির পরিমাণ (১.৫ বছর/ ১৮ মাস মেয়াদ)	সাপ্তাহিক কিস্তি: সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১.৫ বছর/১৮ মাস মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-৬৬ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ১৬/- টাকা (আসল ১৫/- টাকা এবং সার্ভিস চার্জ ০১/- টাকা) এবং ৬৭ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ১৪/- টাকা আদায়যোগ্য (আসল ১০/- টাকা এবং সার্ভিস চার্জ ০৪/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে সাপ্তাহিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,০৭০/- টাকা আদায় করতে হবে। সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৭০, যা সর্বমোট আদায়কে ১,০০০/- দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।
	কিস্তির পরিমাণ (১.৫ বছর/ ১৮ মাস মেয়াদ)	মাসিক কিস্তি: মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১.৫ বছর/১৮ মাস মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-১৭ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ৬০/- টাকা (আসল ৫৬/- টাকা এবং সার্ভিস চার্জ ০৪/- টাকা) এবং ১৮ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৫৩/- টাকা আদায়যোগ্য (আসল ৪৮/- টাকা এবং সার্ভিস চার্জ ০৫/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিকভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,০৭৩/- টাকা আদায় করতে হবে। মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৭৩, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।
কিস্তির পরিমাণ (০২ বছর মেয়াদ)		সাপ্তাহিক কিস্তি: সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০২ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-৯০ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ১২/- টাকা (আসল ১১/- টাকা এবং সার্ভিস চার্জ ০১/- টাকা) এবং ৯১ তম কিস্তিতে সার্ভিসচার্জ সহ ১৪/- টাকা আদায়যোগ্য (আসল ১০/- টাকা এবং সার্ভিস চার্জ ০৪/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে সাপ্তাহিক ভিত্তিতে ০২ বছরে সর্বমোট ১,০৯৪/- টাকা আদায় করতে হবে। সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৯৪, যা সর্বমোট আদায়কে ১,০০০/- দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।
		মাসিক কিস্তি: মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০২ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-২৩ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ৪৬/- টাকা (আসল ৪২/- টাকা এবং সার্ভিস চার্জ ০৪/- টাকা) এবং ২৪ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৪০/- টাকা আদায়যোগ্য (আসল ৩৪/- টাকা এবং সার্ভিস চার্জ ০৬/- টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিকভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,০৯৮/- টাকা আদায় করতে হবে। মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৯৮, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।

নং	বিষয়	সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা
	কিস্তির পরিমাণ (৩৩ বছর মেয়াদ)	<p>মাসিক কিস্তি : মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ৩৩ বছর মেয়াদী বিতরণকৃত ঋণের জন্য ১-৩৬ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ৩২/-টাকা (আসল ২৮/-টাকা এবং সার্ভিস চার্জ ০৪/-টাকা) এবং ৩৬ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ২৫/-টাকা আদায়যোগ্য (আসল ২০/-টাকা এবং সার্ভিস চার্জ ০৫/-টাকা) অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিকভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,৯৪৫/-টাকা আদায় করতে হবে।</p> <p>মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.১৪৫, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরূপন করা যাবে।</p>
১৮.	তথ্য সংরক্ষণ, হিসাবরক্ষণ ও রিপোর্টিং	<p>০১. প্রত্যেকটি হিসাবের জন্য পৃথক পৃথক খাত খুলতে হবে।</p> <p>ক) সদস্যদের মাঝে ঋণ বিতরণের জন্য খাত হবে ; Loan to Members : Disaster Management Loan (DML)</p> <p>খ) সদস্যদের নিকট থেকে সার্ভিস চার্জ আদায়ের জন্য খাত হবে ; Member Loan Service Charge : Service Charge on Disaster Management Loan (DML)</p>
১৯.	নিরীক্ষা সংক্রান্ত	সংস্থার প্রচলিত নিয়মে এই ঋণ কার্যক্রমের নিরীক্ষা সংক্রান্ত কার্যাদি সম্পাদিত হবে।
২০.	ঋণ অনুমোদন ক্ষমতা	<p>ক) ৫০,০০০/-টাকা পর্যন্ত -সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার।</p> <p>খ) ৫০,০০১/- টাকা হতে ২,০০,০০০/-টাকা পর্যন্ত-সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার।</p> <p>গ) ২,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/-টাকা পর্যন্ত-সিনিয়র রিজিয়নাল ম্যানেজার/ রিজিয়নাল ম্যানেজার।</p> <p>ঘ) ৫,০০,০০০/-টাকার উর্দ্ধে-পরিচালক, মাইক্রোফাইন্যান্স।</p>
২১.	অন্যান্য নির্দেশনা	<p>ক) এই ঋণের বিপরীতে সদস্যদেরকে নতুন পাশবই সরবরাহ করতে হবে।</p> <p>খ) সংস্থার প্রচলিত ফরম,ফরম্যাটস এর মাধ্যমে এই ঋণ বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।</p> <p>গ) ঋণ বিতরণের সময় অবশ্যই সদস্য ও তার অভিভাবককে অফিসে এসে ঋণ চুক্তিপত্র ও মাস্টাররোলে যথাযথ নিয়ম মেনে স্বাক্ষর করতে হবে।</p> <p>ঘ) এই ঋণ কার্যক্রমে পূর্ববর্তী ঋণ বিতরণে যদি কোন অনিয়ম পরিলক্ষিত হয়,তাহলে পূর্বে বিতরণকৃত ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মীগণ দায়ী থাকবে। অন্যদিকে বর্তমানে এই ঋণ বিতরণে যদি কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হয়, তাহলে সদস্যের পূর্ববর্তী স্থিতির অতিরিক্ত যে ঋণ বিতরণ করা হয়েছে, সেই অংশের জন্য উক্ত বিতরণের সাথে বর্তমানে সংশ্লিষ্ট কর্মীগণ শতভাগ দায়ী থাকবে।</p> <p>ঙ) ঋণ বিতরণ পরবর্তীতে প্রধান কার্যালয় এর মাইক্রোফাইন্যান্স অপারেশন ডিভিশন হতে নিয়মিতভাবে মনিটরিং করা হবে এবং মাসিক ভিত্তিতে এ সংক্রান্ত প্রতিবেদন পরিচালক, মাইক্রোফাইন্যান্স মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে। এছাড়া সংস্থার MIS ইউনিট হতে এই কম্প্যানেন্ট-এ বিতরণকৃত ঋণের যাবতীয় তথ্য আলাদাভাবে Tracking করে প্রতি মাসে পরিচালক, মাইক্রোফাইন্যান্স মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।</p> <p>চ) এই ঋণী সদস্যকে এই কম্প্যানেন্ট এ বিতরণকৃত ঋণের পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত অন্য কোন ঋণ বিতরণ করা যাবে না।</p> <p>ছ) বর্ণিত নির্দেশিকার কোন ক্ষেত্রে অস্পষ্টতা দেখা দিলে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এতদ্বিমুখক নির্দেশিকার পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিস্তারিত করার অধিকার সংরক্ষণ করেন।</p>

===== ০০০০০০ =====

Padakhep Manabik Unnayan Kendra

+৮৮০ ২ ৫৮১৫১২৬, ০২৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122

info@padakhep.org
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986



যাচাইকারীর নাম (AM/ZM) :

যাচাইয়ের তারিখ (দিন/মাস/বছর):----/---/-----

ক. সদস্যের সাধারণ তথ্য :

সদস্যের নাম-----সিস্টেম আইডি নং-----, মোবাইল নং-----, এনআইডি নম্বর-----
 -----স্বামী/ অভিভাবক এর নাম-----, সমিতির নাম-----, গ্রাম-----
 ইউনিয়ন-----থানা/উপজেলা-----, জেলা-----।

খ. সদস্যের ঋণের তথ্য :

ক. চলমান ঋণের তথ্য		বিবরণ	খ. প্রস্তাবিত ঋণের তথ্য		বিবরণ
১. ঋণ বিতরণের তারিখ	:		১. ঋণ বিতরণের সম্ভাব্য তারিখ	:	
২. ঋণ বিতরণের পরিমাণ (আসল)	:		২. ঋণ বিতরণের পরিমাণ (আসল)	:	
৩. ঋণের খাত	:		৩. ঋণের খাত	:	
৪. বর্তমান ঋণ স্থিতি (সাঃচার্জ সহ)	:		৪. মেয়াদকাল	:	

গ. ঋণের সম্ভাব্যতা যাচাইয়ের নির্দেশকসমূহ :

ক্রঃ নং	বিবরণ	হ্যাঁ	না	মন্তব্য
০১	সদস্য ঐ এলাকার স্থায়ী বাসিন্দা কি না ?			
০২	সদস্য/সদস্যের স্বামী/অভিভাবক এই ঋণ গ্রহণে একমত পোষণ করেছেন কি না ?			
০৩	সদস্যের ঋণ পরিশোধের সক্ষমতা আছে কি না ?			
০৪	বিগত ০৯ মাসে চলমান ঋণ স্থিতির ৫% পরিমাণ টাকা কিস্তির মাধ্যমে জমা হয়েছে কি না ?			
০৫	পরপর ০৩ সপ্তাহ সঞ্চয় জমা করেছে কি না এবং প্রস্তাবিত ঋণের ৯% পরিমাণ টাকা জমা করা হয়েছে কি না ??			
০৬	ঋণের সিলিং বর্তমান ঋণ স্থিতির কত % প্রস্তাব করা হয়েছে ?			
০৭	বিকল্প আয়ের উৎস আছে কি না ? থাকলে কি কি উল্লেখ করুন।			
০৮	সদস্যের পূর্ববর্তী ঋণের আইজিএ ক্ষতিগ্রস্তের কারণসমূহ উল্লেখ করুন।			
০৯	সদস্যের ঋণ বকেয়া হওয়ার পূর্বে লেনদেনের ধরন কেমন ছিল ?			
১০	প্রস্তাবিত ঋণ গ্রহণের সকল শর্তসমূহ সম্পর্কে সদস্য অবগত কি না ?			
১১	এই ঋণের জামিনদারগণের ঋণের দায়-দায়িত্ব গ্রহণে সক্ষম আছেন কিনা এবং উক্ত জামিনদারদের আলোচ্য ঋণ পরিশোধের আর্থিক সক্ষমতা আছে কি না ?			
১২	সদস্যের অন্য এনজিও/ ব্যাংক থেকে ঋণ নেওয়া আছে কি না ? থাকলে বিস্তারিত উল্লেখ করুন।			

নোট :- উত্তর “হ্যাঁ” হলে টিক চিহ্ন, “না” হলে ক্রস চিহ্ন এবং কোন মন্তব্য থাকলে মন্তব্যের কলামে লিখতে হবে।

সংশ্লিষ্ট কর্মীর মতামত :	সুপারিশকারী (বিএম)	যাচাইকারী (এমএম)	যাচাইকারী (জেডএম)

Donna

পদক্ষেপ মার্কিনেফারিন্যান্স প্রোগ্রাম
Disaster Management Loan (DML) খণ্ডের পূর্বলোদন সংক্রান্ত টিপসিটি

জনের নাম :

একিয়ার নাম :

ব্রাঞ্চের নাম :

ক্র. নং	সমস্যার নাম	সহিতির নাম	সিঙ্গেল আর্গিট নং	যেখানে নং	NID নম্বর	চলমান খণ্ডের তথ্য				চলমান খণ্ড বিতরণে সংক্রান্ত নাম				প্রস্তাবিত খণ্ডের তথ্য				প্রস্তাবিত খণ্ডের							
						বিতরণের তারিখ	বিতরণের পরিমাণ (আপন)	যাত	মহা	খণ্ড স্থিতি	CM/ ABM (L)	ABM (AC)	BM	AM	ZM	বিতরণের পরিমাণ (আপন)	মহা	যাত	সেয়ানকার	সিঙ্গেল বুক	যাচাইকারী কর্তৃক প্রস্তাবিত টিপসার পরিমাণ	অনুলোদনের পরিমাণ	প্রস্তাবকারী ডি.জি./এসি.জি. (নাম) এর নাম	যাচাইকারী এর নাম	অনুলোদনকারীর নাম
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪		
২																									
৩																									
৪																									
৫																									
৬																									
৭																									
৮																									
৯																									
১০																									
১১																									
১২																									
১৩																									
১৪																									
১৫																									
১৬																									
১৭																									
১৮																									
১৯																									
২০																									
২১																									
২২																									
২৩																									
২৪																									
২৫																									
সর্বমোট																									

Donna

Page P-602